

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ৭৫৩

তারিখ: ২৮ অক্টোবর ২০২৫

বিষয়: ৬০ দিন মেয়াদী মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা ও সেবা বিষয়ক ট্রেডে প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগী সদস্যদের বর্তমান কর্মকান্ডের অগ্রগতি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের আত্ম-কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে অনুমোদিত আরডিপিপি'র সংস্থান অনুযায়ী ৬০ দিন মেয়াদী মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা ও সেবা বিষয়ক ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করার পর অনেক সুফলভোগী সদস্য সরকারি ও বেসরকারি সংস্থায় চাকুরি করছেন মর্মে জানা যায় এবং অনেক সদস্য উদ্যোক্তা হিসেবে নিজ নিজ এলাকায় মা ও শিশু এবং প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করছেন, যা প্রশাসনিক মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর সংস্থা কর্তৃক প্রশংসিত হয়েছে। এমতাবস্থায়, বর্ণিত ট্রেডে প্রশিক্ষণে অংশগ্রহণকারী সুফলভোগী সদস্যদের বর্তমান কর্মকান্ডের অগ্রগতি নিম্নবর্ণিত ছকে আগামী ০৬/১১/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্র. নং	জেলার নাম	উপজেলার নাম	সমিতির নাম ও কোড নং	সদস্যের নাম ও আইডি নং	বর্তমান পেশা/ কর্মকান্ড	মোবাইল নম্বর	মন্তব্য

২৮/১০/২০২৫  
মোঃ আবদুস সবুর  
উপপ্রকল্প পরিচালক (ইরেসপো)  
ফোন: ০২-৪১০১০৩৪২  
ই-মেইল: [iresppw@gmail.com](mailto:iresppw@gmail.com)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট জেলা)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: ..... (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
৬. অফিস নথি।